



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**14 MAY 2024**

**7:35—7:40 AM IST**

দেশে চতুর্থ পর্যায়ের লোকসভা নির্বাচন হওয়া ৯৬টি আসনে গতকাল রাত ৮টা পর্যন্ত মোট ৬২ দশমিক ৮-৪ শতাংশ ভোট পড়েছে। গতকাল যাদের রাজনৈতিক ভাগ্য নির্ধারিত হয়েছে, তারা হচ্ছেন - বিজেপির প্রবীণ নেতা গিরিরাজ সিং, অর্জুন মুন্ডা, জি কিশাণ রেড্ডি, অজয় কুমার মিশ্র, জে ডি ইউ'র রাজীব রঞ্জন সিং, সমাজবাদী পার্টির অখিলেশ যাদব, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, তৃণমূল কংগ্রেসের মল্লিকা মৈত্র, শত্রুঘ্ন সিন্হা এবং এ আই এ এম' এর আসাদ উদ্দিন ওয়েসি।

লোকসভা নির্বাচনের আগামী তিনটি পর্যায়ের জন্য রাজনৈতিক দলগুলির প্রচার অভিযান জোরগতিতে অব্যাহত রয়েছে।

ভারতীয় জনতা পার্টির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বারাণসি লোকসভা আসনের জন্য মনোনয়ন পত্র জমা করবেন।

প্রধানমন্ত্রী শ্রীমোদী গতকাল বিহারের হাজিপুরে আয়োজিত এক জনসভায় দেশের উন্নয়নে জনসাধারণকে ভোটদান করার আহ্বান জানিয়েছেন।

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে লামডিং ডিভিশনের অধীন জাটিঙ্গা লামপুর এবং নিউ হারেঙ্গাজাও স্টেশনের মধ্যে রেল লাইনের সংস্কারের কাজের জন্য আজ শিলচর-গৌহাটী বিশেষ যাত্রী ট্রেন পরিষেবা বাতিল করা হয়েছে ।

---

বশু ঐতিহ্য কাজিরাঙ্গা জাতীয় উদ্যান আগামী ৩১শে মে থেকে পর্যটকদের জন্য বন্ধ করা হবে । পূর্বে উদ্যান কর্তৃপক্ষ ১৫ই মে জীপ সাফারী বন্ধ করার নির্দেশ জারি করেছিল । তবে পর্যটকদের আগমনের প্রতি লক্ষ্য রেখে ৩১শে মে পর্যন্ত এই সময়সীমা বৃদ্ধি করা হয়েছে । উল্লেখ্য গত পয়লা মে থেকে উদ্যানটিতে হাতী সাফারী বন্ধ করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলায় বাঁশের সংক্রমন প্রতিরোধে উচ্চ সতর্কতা জারি করা হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে কোনও স্থানে বাঁশের ফুলের থেকে হওয়া সম্ভাব্য সংক্রমন দেখা দিলে অবিলম্বে কৃষি বিভাগকে অবগত করতে বলা হয়েছে । জেলা বন আধিকারীক অখিল দত্তের পৌরহিত্যে গতকাল জেলা কৃষি আধিকারিকের কার্যালয়ে আয়োজিত এক সভায় বাঁশের ফুল সংক্রান্ত বিষয়ে জনসচেতনতা বাড়ানোর সিদ্ধান্ত হয়েছে । সভায় বাঁশে ফুল দেখা দিলে বাঁশ অবিলম্বে কেটে দিতে এবং বাঁশ ঝাড়ে পরিবেশ বান্ধব কীটনাশক ছড়িয়ে দিতে বলা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় পরিবেশ সংরক্ষনের জন্য সরকারী বিভাগগুলির পরিকল্পনা তৈরী করতে গতকাল এক সভা অনুষ্ঠিত হয় । জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিনের পৌরহিত্যে আয়োজিত এই সভায় সরকারী বিভাগগুলিকে পরিবেশ সংক্রান্ত পরিকল্পনা আগামী ১৭ই মে-র মধ্যে জেলা প্রশাসনের কাছে জমা দিতে বলা হয়েছে । সভায় পরিবেশ রক্ষায় হাইলাকান্দি পৌর এলাকায় পৌরসভাকে এবং গ্রামীণ এলাকায় জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ এবং গ্রাম উন্নয়ন বিভাগকে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে । সভায় স্বাস্থ্য বিভাগ থেকে বায়ো মেডিকেল বর্জ্য নিষ্কাশনের জন্য কমন্স ট্রিটমেন্ট প্ল্যান তৈরী করতে জেলা প্রশাসনের কাছে অনুরোধ করা হয়েছে ।

---

সমাজ সংস্কারক তথা পদ্মশ্রী বিরুবালা রাভার অন্তেষ্টিক্রিয়া গতকাল রাতে গৌহাটীতে সম্পূৰ্ণ ৰাষ্ট্ৰীয় মৰ্যাদায় সম্পন্ন কৰা হয় । ৰাজ্যেৰ মন্ত্ৰী চন্দ্ৰমোহন পাটোয়াৰী ও জয়ন্ত মল্লবৰুয়া এবিষয়ে যাবতীয় দায়িত্ব পালন কৰেছেন ।

---

উল্লেখ্য কুসংস্কার ও অন্ধবিশ্বাসেৰ বিৰুদ্ধে আজীবন সংগ্ৰাম কৰে যাওয়া তথা পদ্মশ্ৰী সন্মানে ভূষিত বিরুবালা রাভা গতকাল সকালে গৌহাটী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ কৰেছেন । মৃত্যুকালে তাৰ বয়স হয়েছিল ৭০ । ২০০০ সাল থেকে শ্ৰীমতি রাভা সমাজে প্ৰচলিত ডাইনী প্ৰথাৰ বিৰুদ্ধে কাজ কৰে গেছেন । ভাৰত সৰকাৰ ২০২১ সালে বিরুবালা রাভাকে দেশেৰ চতুৰ্থ অসামৰিক সন্মান পদ্মশ্ৰী পুৰস্কাৰে সন্মানিত কৰে ।

---

এদিকে বীৰুবালা রাভাৰ মৃত্যুতে ৰাজ্যেৰ মুখ্যমন্ত্ৰী ডক্টৰ হিমন্ত বিশ্ব শৰ্মা গভীৰ শোক প্ৰকাশ কৰেছেন । এক বাৰ্তায় মুখ্যমন্ত্ৰী ডক্টৰ শৰ্মা বলেন যে সামাজিক অনিয়ম , কু-প্ৰথা , ডাইনী হত্যাৰ বিৰুদ্ধে আজীবন সংগ্ৰাম কৰে যাওয়া পদ্মশ্ৰী বিরুবালা রাভাৰ মৃত্যু সমাজ জীবনেৰ জন্য এক অপূৰণীয় ক্ষতি ।

---

কেন্দ্ৰীয় মন্ত্ৰী সৰ্বানন্দ সনোয়াল এক শোকবাৰ্তায় বিরুবালা রাভাৰ মৃত্যু আসামেৰ সমাজ জীবনে অপূৰণীয় ক্ষতি বলে উল্লেখ কৰেছেন । মন্ত্ৰী ৰঞ্জিত দাস , এ আই ইউ ডি এফ প্ৰধান বদৰ উদ্দিন আজমল ও বিরুবালা রাভাৰ মৃত্যুতে গভীৰ শোক প্ৰকাশ কৰেন ।

---

---

সমাপ্ত